



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।

www.barishalboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/বিঅ/২০২১/২৯০৯


তারিখঃ ০১ আশ্বিন ১৪২৮
১৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়ঃ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ/প্রধান শিক্ষকের চুক্তি ভিত্তিক নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/০৯/২০২১ খ্রি. তারিখের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-৩ কর্তৃক “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১” তারিখঃ ২৮ মার্চ ২০২১ কর্তৃক প্রকাশিত ১১.১১ উপ-অনুচ্ছেদে বলা আছে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর পর্যন্ত প্রদেয় হবে। তবে ঐতিহ্যবাহী ও মানসম্মত শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠানের স্বার্থে এবং সরকারের কোন আর্থিক সুবিধা/এমপিও না নেয়ার শর্তে সরকারের অনুমোদনক্রমে শুধুমাত্র প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আর্থিকসহ সকল দায়ভার বহন করতে হবে এবং সরকার কোন দায়ভার বহন করবেনা।

এমপিও ভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানের এধরণের চুক্তিভিত্তিক প্রতিষ্ঠান প্রধানের মেয়াদ সরকারের আর্থিক সংশ্লেষ না থাকলেও কোনভাবেই ৬৫ (পয়ষট্টি) বছরের বেশী হতে পারবেনা। এক্ষেত্রে সরকার বলতে শুধুমাত্র শিক্ষামন্ত্রণালয়কে বুঝাবে।


প্রফেসর মোহাম্মদ ইউনুস(৬৯৪৭)

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল।

অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল বেসরকারি
শিক্ষাপ্রতিষ্ঠানের সভাপতি/ প্রতিষ্ঠান প্রধান।

ই-মেইল : barisalboard@gmail.com